

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৮৬ ৪/ আন্তরিক কর্মাবলী পরিচ্ছেদঃ পুণ্যের পথ অনেক

## আরবী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللهِ عَلَيْ كُلُّ سُلامَى مِنَ النَّاسِ عَلَيهِ صَدَقَةٌ كُلَّ يَومِ تَطلُعُ فِيهِ الشَّمْسُ: تَعْدِلُ بَينَ الاثْنَينِ صَدَقَةٌ وتُعِينُ الرَّجُلَ في دَابَّتِهِ فَتَحْمِلُهُ عَلَيْهَا أَقْ تَرفَعُ لَهُ عَلَيْهَا مَتَاعَهُ صَدَقَةٌ وَالكَلِمَةُ الطَيِّبَةُ صَدَقَةٌ وبكلِّ خَطْوَةٍ تَمشيها إِلَى الصَّلاةِ صَدَقَةٌ وبكلِّ خَطْوَةٍ تَمشيها إِلَى الصَّلاةِ صَدَقَةٌ وتُميطُ الأذَى عَن الطَّريق صَدَقَةٌ مُتَّفَقٌ عَلَيهِ

ورواه مسلم أيضاً من رواية عائشة رضي الله عنها قالَتْ: قَالَ رَسُولُ اللهِ عَلَى الله وَهَلَّلَ خُلِقَ كُلُّ إِنْسَانٍ مِنْ بَنِي آدَمَ عَلَى سِتِّينَ وثلاثمئة مفْصلَ فَمَنْ كَبَّرَ اللهَ وحَمِدَ الله وَهَلَّلَ اللهَ وَسَبَّحَ الله وَاسْتَغْفَرَ الله وَعَزَلَ حَجَراً عَن طَريقِ النَّاسِ أَوْ شَوْكَةً أَوْ عَظماً عَن طَريقِ النَّاسِ أَوْ شَوْكَةً أَوْ عَظماً عَن طَريقِ النَّاسِ أَوْ الْمَرَ بِمَعْرُوف أَوْ نَهَى عَن مُنكَر عَدَدَ السِّتِينَ والثَّلاثِمئة فَإِنَّهُ يُمْسِي عَومَئِذِ وقَدْ زَحْزَحَ نَفْسَهُ عَن النَّارِ

## বাংলা

(৪৮৬) আবূ হুরাইরাহ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, প্রতিদিন যাতে সূর্য উদয় হয় (অর্থাৎ প্রত্যেক দিন) মানুষের প্রত্যেক গ্রন্থির পক্ষ থেকে প্রদেয় একটি করে সাদকাহ রয়েছে। (আর সাদকাহ শুধু মাল খরচ করাকেই বলে না; বরং) দু'জন মানুষের মধ্যে তোমার মীমাংসা করে দেওয়াটাও সাদকাহ, কোন মানুষকে নিজ সওয়ারীর উপর বসানো অথবা তার উপর তার সামান উঠিয়ে নিয়ে সাহায্য করাও সাদকাহ, ভাল কথা বলা সাদকাহ, নামাযের জন্য কৃত প্রত্যেক পদক্ষেপ সাদকাহ এবং রাস্তা থেকে কষ্টদায়ক জিনিস দূরীভূত করাও সাদকাহ।

এটিকে ইমাম মুসলিম আয়েশা (রাঃ) থেকেও বর্ণনা করেছেন, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আদম সন্তানের মধ্যে প্রত্যেক মানুষকে ৩৬০ গ্রন্থির উপর সৃষ্টি করা হয়েছে। (আর প্রত্যেক গ্রন্থির পক্ষ থেকে প্রদেয় সাদকা রয়েছে।) সুতরাং যে ব্যক্তি 'আল্লাহু আকবার' বলল, 'আল-হামদু লিল্লাহ' বলল, 'লা- ইলাহা ইল্লাল্লাহ' বলল, 'সুবহানাল্লাহ' বলল, 'আস্তাগিফিরুল্লাহ' বলল, মানুষ চলার রাস্তা থেকে পাথর, কাঁটা অথবা হাড সরাল, কিংবা ভাল কাজের আদেশ করল অথবা মন্দ কাজ থেকে নিষেধ করল, (এবং সব মিলে ৩৬০



সংখ্যক পুণ্যকর্ম করল, সে ঐদিন এমন অবস্থায় সন্ধ্যা করল যে, সে নিজেকে জাহান্নামের আগুন থেকে দূর করে নিল।

## ফুটনোট

(বুখারী ২৯৮৯, মুসলিম ২৩৭৭, ২৩৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন